



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/29/2022

গভর্নর ক্যাথি হোকল

ইসরায়েলে ইউনিলিভারের সম্মতির ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"ইসরায়েল নিউ ইয়র্ক স্টেটের একটি অতি গুরুত্বপূর্ণ মিত্র এবং অমূল্য অর্থনৈতিক অংশীদার। আমার প্রশাসনের শুরুর দিকে আমি একটি নির্বাহী আদেশ (Executive Order) প্রদান করেছিলাম যা স্টেটের সরকারকে স্টেট অফ ইসরায়েলের সার্বভৌমত্ব ও নিরাপত্তা ঝুঁকিগ্রস্ত করে এমন বয়কট, ডাইভেস্টমেন্ট, বা স্যাংশনে (Boycott, Divestment, or Sanctions, BDS) জড়িত থাকা কোম্পানি ও প্রতিষ্ঠান থেকে সরকারি তহবিল সরিয়ে ফেলার নির্দেশ দেয়। আমরা ইউনিলিভার (Unilever) এবং বেন অ্যান্ড জেরির (Ben & Jerry) পরিকল্পিত বিক্রি বয়কট তদন্ত করতে দ্রুত পদক্ষেপ নিয়েছি, এবং সম্প্রতি ইউনিলিভারকে 6 জুলাই পর্যন্ত সময় দিয়েছি, তারা যে BDS কর্মকাণ্ডে জড়িত না তা প্রমাণ করার জন্য। আমরা যখন নির্দিষ্ট সময়সীমায় পৌঁছে যাচ্ছি তখন আমি আনন্দিত যে ইউনিলিভার আজকে আমাদের জানিয়েছে যে তারা পুরো ইসরায়েল এবং ওয়েস্ট ব্যাঙ্কে বেন অ্যান্ড জেরির পণ্য বিক্রি অব্যাহত রাখতে সম্মত হয়েছে। নিউ ইয়র্ক কোনোরকম বৈষম্য বা ঘৃণা সহ্য করে না, এবং আমি আমাদের স্টেটের সাথে ইসরায়েলের শক্তিশালী বন্ধুত্বের পক্ষেই থাকবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418